# বিনিয়োগ বোর্ড
প্রধানমন্ত্রীর কার্যালয়

স্থানীয় বিনিয়োগে শিল্প প্রকল্পের নিবন্ধন

| |
|---|
| নিবন্ধন সংখ্যা : |
| তারিখঃ ০৩-০৮-২০১৪ |

নং-বিঃ বোঃ/নিঃ ও সঃ-২/১৪/ ০৪ তারিখঃ ০৫-০৮-২০১৪

বরাবর
স্বত্বাধিকারী

, লালবাগ,
ঢাকা।

প্রিয় মহোদয়/মহোদয়গণ,

আপনার/আপনাদের ২০-০৭-২০১৪ ইং তারিখের আবেদন পত্রে প্রদত্ত তথ্যাদির ভিত্তিতে আপনার/ আপনাদের প্রস্তাবিত/বিদ্যমান শিল্প প্রতিষ্ঠানটি অত্র বোর্ডের অনুমোদনের প্রেক্ষিতে নিম্নরূপভাবে নিবন্ধিত হ'ল :

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | শিল্প প্রকল্পের নাম : | | | |
| ২। | ঠিকানা : | | | |
| | (ক) অফিস : , লালবাগ, ঢাকা। | | | |
| | (খ) কারখানা : , লালবাগ, ঢাকা। | | | |
| ৩। | ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/স্বত্বাধিকারীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয়তা, টেলিফোন, ফ্যাক্স এবং ই-মেইল<br>, ঢাকা। | | | |
| ৪। | শিল্পের ধরণ (উপ-খাত) : প্লাষ্টিক প্রোডাক্টস | | | |
| ৫। | উৎপাদন শুরুর তারিখ/ সম্ভাব্য : ডিসেম্বর ২০১৪ ইং | | | |
| ৬। | বার্ষিক উৎপাদন ক্ষমতা : | | | |
| | পণ্য/সেবার নাম | পরিমান | মূল্য(মিলিয়ন টাকা) | |
| | হ্যাংগার | ৫০.০০ লক্ষ কেজি | ৫৬.৬৫০ | |
| ৭। | বিনিয়োগ : | | | |
| | বিবরণ | মূল্য (মিলিয়ন টাকা) | | |
| | (ক) স্থায়ী বিনিয়োগঃ | স্থানীয় মুদ্রায় | বৈদেশিক মুদ্রায় | মোট |
| | ১। জমি | ভাড়াকৃত | | ভাড়াকৃত |
| | ২। ভবন/শেড | ভাড়াকৃত | | ভাড়াকৃত |
| | ৩। যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | - | ২.০০ | ২.০০ |
| | ৪। অন্যান্য | ১.৫০ | - | ১.৫০ |
| | (খ) চলতি মূলধন | ১.৫০ | - | ১.৫০ |
| | সর্ব মোট টাকা (মিলিয়ন) : | ৩.০০ | ২.০০ | ৫.০০ |
| ৮। | অর্থায়নের উৎস : | (মিলিয়ন টাকা) | | |
| | উৎস | স্থানীয় মুদ্রায় | বৈদেশিক মুদ্রায় | মোট |
| | (ক) সমমূলধন (ইকুইটি) | ৫.০০ | - | ৫.০০ |
| | (খ) স্থানীয় ঋণ | - | - | - |
| | (গ) বৈদেশিক ঋণ | - | - | - |
| | সর্ব মোট : | ৫.০০ | - | ৫.০০ |

Proprietor

| | | | |
|---|---|---|---|
| ৯। | যন্ত্রপাতির বিবরণ : | | |
| | যন্ত্রপাতির তালিকা | সংখ্যা | মূল্য (মিলিয়ন টাকা) |
| | (ক) স্থানীয়ভাবে সংগৃহীত/সংগৃহীতব্য | | - |
| | (খ) আমদানিকৃত/আমদানিতব্য | তালিকা সংযুক্ত | ২.০০ |
| | সর্ব মোট মূল্য: | | ২.০০ |

| ১০। কর্মসংস্থান | স্থানীয় (জন) | বিদেশী (জন) | সর্বমোট (জন) |
|---|---|---|---|
| (ক) ব্যবস্থাপনা | ৫ | - | ৫ |
| (খ) কর্মচারী/শ্রমিক | ৪০ | - | ৪০ |
| মোট | ৪৫ | - | ৪৫ |
| ১১। বিপনন : | স্থানীয় : ১০০ % | | রপ্তানী : - % |

উদ্যোক্তা/উদ্যোক্তাগণের জন্য কতিপয় জ্ঞাতব্য বিষয়:

(ক) প্রকল্প বাস্তবায়নকালে প্রয়োজনীয় জ্ঞাতব্য সেবা/সুবিধাদি প্রাপ্তির ব্যাপারে উদ্যোক্তা/উদ্যোক্তাগণ বিনিয়োগ বোর্ডের সেবা কেন্দ্রে যোগাযোগ করতে পারেন।

(খ) সরকারের শিল্প ও অর্থনৈতিক নীতিমালার আওতায় এবং জাতীয় রাজস্ব বোর্ড ও অন্যান্য সংশ্লিষ্ট সরকারী কর্তৃপক্ষ/ সংস্থা কর্তৃক সময় জারীকৃত বিজ্ঞপ্তির আওতায় শিল্প প্রকল্পসমূহ বিবিধ শুল্ক/কর সুবিধাদি পেতে পারে। এতদসংক্রান্ত নীতি এবং বিজ্ঞপ্তির কপি বিনিয়োগ বোর্ডের সেবা কেন্দ্র থেকে সংগ্রহ করা যাবে।

(গ) প্রকল্পের স্থান/অবস্থান চূড়ান্তভাবে নির্ধারণের পূর্বে পরিবেশগত ছাড়পত্র প্রাপ্তির জন্য উদ্যোক্তা/উদ্যোক্তাগণ পরিবেশ অধিদপ্তরের সহিত যোগাযোগ করবেন।

(ঘ) নিম্নবর্ণিত শর্তসমূহের যে কোন শর্ত পালনে ব্যর্থ শিল্প প্রকল্পের নিবন্ধন বিনিয়োগ বোর্ড বাতিল করতে পারবে:-

শর্তাবলী :

(১) শিল্প প্রকল্পের মালিকানা অথবা কারখানার অবস্থানের পরিবর্তন যথাশীঘ্রই বিনিয়োগ বোর্ডকে অবহিত করতে হবে;

(২) নিবন্ধন পত্রে প্রদত্ত সময় সীমার মধ্যে প্রকল্প বাস্তবায়নের ব্যর্থ হলে বাস্তবায়নের নির্ধারিত সময় সীমা অতিক্রমের পর পরই নবায়নের জন্য বিনিয়োগ বোর্ডে আবেদন করতে হবে।

(৩) বাধ্যতামূলক সার্টিফিকেশন মার্কস-এর আওতাভুক্ত শিল্প পণ্য বাংলাদেশ ষ্ট্যান্ডার্ড এন্ড টেষ্টিং ইনষ্টিটিউশন (বিএসটিআই) কর্তৃক নির্ধারিত/প্রণীত মানসম্পন্ন হতে হবে এবং বাজারজাত করার পূর্বে বিএসটিআই-এর ছাড়পত্র গ্রহন করতে হবে।

(৪) শিল্প প্রকল্প স্থাপনের পূর্বে বিদ্যমান পরিবেশ আইনের আওতায় পরিবেশ অধিদপ্তর থেকে ছাড়পত্র গ্রহণ করতে হবে।

(৫) সরকারের বিদ্যমান আমদানি নীতির আওতায় মূলধনী যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ এবং কাঁচামাল/মোড়ক সামগ্রী আমদানি করতে হবে।

(৬) শিল্প প্রকল্প উৎপাদনে যাওয়ার পূর্ব পর্যন্ত প্রতি ৬(ছয়) মাস অন্তর অন্তর পরিচালক (নিবন্ধন ও সহায়তা -২ অধিশাখা)-এর নিকট সংযুক্ত ছক মোতাবেক প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন দাখিল করতে হবে। শিল্প প্রকল্প বাণিজ্যিক উৎপাদনে যাওয়ার পর প্রকল্পের উৎপাদন সম্পর্কে বার্ষিক প্রতিবেদন পরিচালক (নীতি ও পরিকল্পনা) -এর নিকট দাখিল করতে হবে।

(৭) নিবন্ধন পত্রের কোন অনুচ্ছেদ পরিবর্তন/পরিবর্ধন /সংশোধনের ক্ষেত্রে সংশোধনী ফি দিয়ে নিবন্ধন পত্র সংশোধন করতে হবে।

(৮) শিল্প প্রতিষ্ঠানের কোনরূপ বর্জ্য পদার্থ পরিশোধন না করে নিকটস্থ কোন নদী, সংযোগ খাল বা সাধারণ জলাধারে নির্গত করা যাবে না।

(৯) অতিরিক্ত শর্তাবলী পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

আপনার/আপনাদের বিশ্বস্ত,

৩০-০৮-১৮

তৌহিদুর রহমান খান
পরিচালক

অনুলিপি:

১। মহা-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, ই-১৬, আগারগাঁও, শেরে-এ-বাংলা নগর, ঢাকা।
২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান পরিদপ্তর, বাংলাদেশ ব্যাংক, ২৯ তলা বিল্ডিং (২৬ তলা), মতিঝিল বা/এ, ঢাকা।
৩-৪। পরিচালক (আই আই এম সি/নীতি ও পরিকল্পনা), বিনিয়োগ বোর্ড, জীবন বীমা টাওয়ার, ১০, দিলকুশা বা/এ, ঢাকা।
৫। পরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট বিভাগীয় কার্যালয়, বিনিয়োগ বোর্ড।
৬। মাননীয় নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড-এর একান্ত সচিব, বিনিয়োগ বোর্ড, জীবন বীমা টাওয়ার, ঢাকা।

# অতিরিক্ত শর্তাবলী

(ক) যে সকল শিল্প প্রতিষ্ঠানে স্বাভাবিক মাত্রায় জ্বালানী হিসেবে প্রাকৃতিক গ্যাসের ব্যবহার আবশ্যক সে সকল শিল্প বাস্তবায়ন/স্থাপনের পূর্বেই পেট্রোবাংলার অধীনস্থ সংশ্লিষ্ট গ্যাস বিপণন কোম্পানী হতে গ্যাস সরবরাহের নিশ্চয়তা/ছাড়পত্র/অনাপত্তি পত্র গ্রহণ করতে হবে;

(খ) রপ্তানিমুখী শিল্পের ক্ষেত্রে উৎপাদিত পণ্য নিবন্ধন পত্রের বিপণন অনুচ্ছেদে উল্লিখিত হারে (%) রপ্তানি করতে হবে;

(গ) শিল্পখাতে এডহক ও নিয়মিত আই,আর,সি সুপারিশের জন্য আবেদনের ক্ষেত্রে প্রকল্পটির কারখানা সরেজমিনে পরিদর্শনের পর প্রকৃত বার্ষিক উৎপাদন ক্ষমতা ও আমদানিস্বত্ব নির্ধারণ করা হবে এবং আই,আর,সি (শিল্প) প্রদানের জন্য সুপারিশ করা হবে;

(ঘ) বন্ডেড ওয়্যার হাউজ লাইসেন্স জারীর জন্য সুপারিশসহ যে কোন সুযোগ-সুবিধার জন্য আবেদনের ক্ষেত্রে প্রকল্পটির কারখানা সরেজমিনে পরিদর্শন করা হবে এবং পরিদর্শনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে সহযোগীতা প্রদান করতে হবে;

(ঙ) যে কোন সরকারী সুযোগ-সুবিধা পাওয়ার জন্য বিনিয়োগ বোর্ডের সুপারিশ-এর ক্ষেত্রে সুযোগ-সুবিধা প্রাপ্ত হলে বিনিয়োগ বোর্ডকে অবহিত করতে হবে;

(চ) নিবন্ধন পত্রে উল্লেখিত সময় সীমার মধ্যে প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়ন করতে হবে;

(ছ) সম্ভাব্য দুর্ঘটনারোধকল্পে দেশের প্রচলিত কারখানা আইন অনুসারে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(জ) ভূগর্ভস্থ পানি ব্যবহারের উপর চাপ কমানোর লক্ষ্যে বৃষ্টির পানি সংরক্ষণ করে ব্যবহারের ব্যবস্থা করতে হবে;

(ঝ) প্রস্তাবিত প্রকল্পের জমি সংগ্রহের বিষয়ে বিনিয়োগ বোর্ডের কোন প্রকার সংশ্লিষ্টতা থাকবে না;

(ঞ) প্রতিষ্ঠানটিতে ডে-কেয়ার সুবিধা (প্রযোজ্য ক্ষেত্রে) সৃষ্টি করতে হবে;

(ট) মাতৃত্বকালীন সময়ে ছুটির (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা করতে হবে;

(ঠ) স্বল্প আয়ের মহিলা কর্মচারীদের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিষ্ঠানের কাছাকাছি স্বল্প ব্যয়ে নিরাপদ আবাসন সুবিধা প্রদান করতে হবে;

(ড) প্রতিষ্ঠানের অভ্যন্তরে মহিলা কর্মীদের সমমর্যাদা প্রতিষ্ঠার জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) মজুরী ও অন্যান্য ভাতা প্রদানের ক্ষেত্রে সমতা বিধান করতে হবে;

(ঢ) স্বল্প খরচে খাবারের ক্যান্টিন সুবিধা প্রদান করতে হবে;

(ণ) পুরুষ ও মহিলা কর্মীদের মাঝে (প্রযোজ্য ক্ষেত্রে) কাজের শান্তিপূর্ণ, সুষ্ঠু পরিবেশ সৃষ্টির লক্ষ্যে কার্যকর আচরণ বিধি প্রণয়ন করতে হবে;

(ত) সরকারী কাজে জরিপসহ যে কোন পরিদর্শন বা তথ্য সংগ্রহকালে পূর্ণ সহযোগিতা প্রদান করতে হবে।

উপরোক্ত শর্তাবলীর যে কোনটি অথবা তার অংশ-বিশেষ লংঘিত হলে বিনিয়োগ বোর্ড এই নিবন্ধনের শর্ত পরিবর্তনের অথবা নিবন্ধন বাতিলের অধিকার সংরক্ষণ করে।

* বিনিয়োগ বোর্ডে আবেদনসহ যে কোন যোগাযোগের ক্ষেত্রে এই নিবন্ধন পত্রে উল্লিখিত 'নিবন্ধন সংখ্যা' উল্লেখ করুন।

Proprietor